তফসিল

[ধারা ২(৫) দ্রষ্টব্য]

(অপরাধ ও দণ্ড)

ক্রমিক নং	অপরাধের বর্ণনা ও সংশ্লিষ্ট ধারা	আমলযোগ্যতা	জামিনযোগ্যতা	আপোষযোগ্যতা	আরোপণীয় দণ্ড
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১।	জারীকৃত লিখিত আদেশ বা নির্দেশ লঙ্ঘন [ধারা ৭(১)]।	আমলযোগ্য	অ-জামিনযোগ্য	অ-আপোষযোগ্য	অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড, বা অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ড, বা উভয় দণ্ড।
২।	জারীকৃত 'সুরক্ষা আদেশ' এ আরোপিত বিধি-নিষেধ লঙ্ঘন [ধারা ১১(৩)]।	আমলযোগ্য	অ-জামিনযোগ্য	অ-আপোষযোগ্য	অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড, বা অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ড, বা উভয় দণ্ড।
৩।	সংরক্ষিত ঘোষিত হাওর ও জলাভূমি এলাকায় আরোপিত বিধি-নিষেধ লঙ্ঘন [ধারা ১২(২)]।	অ-আমলযোগ্য	জামিনযোগ্য	অ-আপোষযোগ্য	অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড, বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড, বা উভয় দণ্ড।
৪।	হাওর ও জলাভূমি হইতে এমনভাবে পানি উত্তোলন, আহরণ বা ব্যবহার, যাহার ফলে পানিধারক স্তরের নিরাপদ সীমা ব্যাহত হয় বা জলজ প্রাণীর আবাসস্থল বা জলজ উদ্ভিদ ক্ষতিগ্রস্ত হয় [ধারা ১৩(১)(ক)]।	অ-আমলযোগ্য	জামিনযোগ্য	অ-আপোষযোগ্য	অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড, বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড, বা উভয় দণ্ড।
৫।	হাওর ও জলাভূমি এবং কান্দার অবৈধ দখল, ভরাটকরণ, অননুমোদিত খনন, পরিবর্তন বা রূপান্তর [ধারা ১৩(১)(খ)]।	আমলযোগ্য	অ-জামিনযোগ্য	অ-আপোষযোগ্য	অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড, বা অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ড, বা উভয় দণ্ড।
৬।	হাওর ও জলাভূমির পানির স্বাভাবিক প্রবাহ ব্যাহত হয় এইরুপ অবকাঠামো নির্মাণ বা কার্যক্রম পরিচালনা [ধারা ১৩(১)(গ)]।	আমলযোগ্য	অ-জামিনযোগ্য	অ-আপোষযোগ্য	অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড, বা অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ড, বা উভয় দণ্ড।
৭।	হাওর ও জলাভূমির পানি, মাটি ও পরিবেশ দূষিত হয় এরূপ কার্যক্রম [ধারা ১৩(১)(ঘ)]।	অ-আমলযোগ্য	জামিনযোগ্য	অ-আপোষযোগ্য	অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড, বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড, বা উভয় দণ্ড।
৮।	হাওর ও জলাভূমি এবং কান্দার সুরক্ষা, সংরক্ষণ ও উন্নয়নের সহিত সম্পৃক্ত	আমলযোগ্য	অ-জামিনযোগ্য	অ-আপোষযোগ্য	অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড, বা অনধিক ১০

ক্রমিক নং	অপরাধের বর্ণনা ও সংশ্লিষ্ট ধারা	আমলযোগ্যতা	জামিনযোগ্যতা	আপোষযোগ্যতা	আরোপণীয় দন্ড
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
	কোনো সরকারি দপ্তর, সংস্থা বা প্রতিষ্ঠানের অনুমোদন ব্যতীত হাওর ও জলাভূমি এবং কান্দার মাটি, বালু, পাথর, বা যে কোনো প্রাকৃতিক সম্পদ উত্তোলন বা আহরণ [ধারা ১৩(১)(ঙ)]।				(দশ) লক্ষ টাকা অর্থদন্ড, বা উভয় দন্ড।
৯।	হাওর ও জলাভূমি এলাকায় পরিযায়ী প্রজাতির পাখি বা সংরক্ষিত জলজ প্রাণী শিকার বা আহরণ, হাওরের জলাবন বা কান্দার বন বিনষ্টকরণ অথবা পশু-পাখির আবাসস্থল ধ্বংস বা ক্ষতিগ্রস্ত করা [ধারা ১৩(১)(চ)]।	অ-আমলযোগ্য	জামিনযোগ্য	অ-আপোষযোগ্য	অনধিক ২ (দুই) বৎসর কারাদন্ড, বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদন্ড, বা উভয় দন্ড।
১০।	হাওর ও জলাভূমি এলাকায় নিষিদ্ধ জাল, বৈদ্যুতিক শক, বিষটোপ বা বিষাক্ত পদার্থ প্রয়োগের মাধ্যমে মৎস্য আহরণ [ধারা ১৩(১)(ছ)]।	আমলযোগ্য	অ-জামিনযোগ্য	অ-আপোষযোগ্য	অনধিক ২ (দুই) বৎসর কারাদন্ড, বা অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদন্ড, বা উভয় দন্ড।
১১।	মাছ অথবা জলজ প্রাকৃতিক সম্পদ এমনভাবে আহরণ, যাহার ফলে মাছ বা জলজ প্রাণীর প্রজনন বা উৎপাদন বিঘ্নিত হয় [ধারা ১৩(১)(জ)]।	অ-আমলযোগ্য	জামিনযোগ্য	অ-আপোষযোগ্য	অনধিক ১ (এক) বৎসর কারাদন্ড, বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদন্ড, বা উভয় দন্ড।